

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা বিভাগ ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

১৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩০৬০

বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ১১,৮৩০ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৪১)।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী ৩০-০১-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.২৪৫.৩৪.০০১.২৫.৬৮ নং স্মারক

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ২৮-০১-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.২১৮৪ নং স্মারক

৩। খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ২৫-১০-২০২৩ খ্রি. এর ১৩.০০.০০০০.০৮৬.৫৫.০০১.২৩.২৫৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী ও বরিশাল বিভাগের বিভিন্ন জেলার এলএসডিসমূহে সেনা বাহিনী, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, জেলা কারাগার, ইপি-ওপি, কাবিখাসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের ও আপতকালিন মজুত গড়ে তোলার নিমিত্তে গমের চাহিদা সূত্রস্থ ১ নং ও ২ নং স্মারকসমূহে প্রাপ্ত হয়েছে। আন্তর্জাতিক দরপত্রের অধীনে প্যাকেজ-২ ও প্যাকেজ-৩ আমদানিকৃত ১,০০,০০০ মে.টন গম চুক্তি অনুযায়ী পর্যায়ক্রমে চট্টগ্রাম ও মোংলা বন্দর খালাস করা হবে। আগত জাহাজের গম নির্বিঘ্নে খালাসের লক্ষ্যে চট্টগ্রাম সাইলো, নারায়ণগঞ্জ সাইলো ও মোংলা সাইলোতে খালি জায়গা সৃষ্টি করা প্রয়োজন।

এমতাবস্থায়, ঢাকা, চট্টগ্রাম, সিলেট রাজশাহী ও বরিশাল বিভাগের স্থাপনাসমূহে বিভিন্ন খাতে বিলি-বিতরণ ও আপতকালীন মজুত গড়ে তোলার নিমিত্তে সাশ্রয়ী রাট বিবেচনায় সড়ক ও নৌ পথে মোট ১১,৮৩০ (এগারো হাজার আটশত ত্রিশ) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে জারি করা হলো। উল্লেখ্য সূত্রস্থ ৩ নং স্মারকের সিদ্ধান্ত মোতাবেক প্রত্যিবিত গম নারায়ণগঞ্জ সিএসডি ঘাট হতে এক্স-বার্জ বিতরণের নির্দেশনা বাস্তবায়ন করবেন।

(ক) সড়ক পথে গমের চলাচলসূচি:

ক্ৰ. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	রাজশাহী	নওহাটা এলএসডি	২৪০	বস্তাবন্দি গম	সড়ক পথ	চসমা বিভাগ উপসূচি জারি করবেন
২.	ঐ	ঐ	ঐ	বাঘা এলএসডি	৬০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	বগুড়া	সারিয়াকান্দি এলএসডি	১১০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	ঐ	বগুড়া এলএসডি	১০০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	পাবনা	সাঁথীয়া এলএসডি	১৮০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	ঐ	বেড়া এলএসডি	১২০	ঐ	ঐ	
৭.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	সিলেট	বালাগঞ্জ এলএসডি	৫০	ঐ	ঐ	
৮.	ঐ	ঐ	ঐ	খাদ্যিমনগর এলএসডি	৩০০	ঐ	ঐ	চসমি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন
৯.	ঐ	ঐ	ঐ	সিলেট এলএসডি	৪০০	ঐ	ঐ	
১০.	ঐ	ঐ	হবিগঞ্জ	হবিগঞ্জ এলএসডি	১২০	ঐ	ঐ	
১১.	ঐ	ঐ	ঐ	বাহ্বল এলএসডি	১২০	ঐ	ঐ	
১২.	ঐ	ঐ	মৌলভীবাজার	বড়লেখা এলএসডি	১৩০	ঐ	ঐ	
১৩.	ঐ	ঐ	ঐ	কুলাউড়া এলএসডি	১০০	ঐ	ঐ	
				মোট =	১১৩০			

(খ) নৌপথে গমের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	বুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সিএসডি	৫০০০	বস্তাবন্দি গম	নৌপথ	চসমা বিভাগ উপসূচি জারি করবেন
২.	ঝি	ঝি	চাঁদপুর	চাঁদপুর সিএসডি	৩০০০	ঝি	ঝি	
৩.	বাগেরহাট	মোংলা সাইলো	ভোলা	ভোলা এলএসডি	৬০০	ঝি	ঝি	চসনি, খুলনা উপসূচি জারি করবেন
৪.	ঝি	ঝি	ঝি	চরশশীভূষণ এলএসডি	৩০০	ঝি	ঝি	
				মোট =	৮৯০০			
				সর্বমোট =	১১৮৩০			

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে হবে।

২। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো, নারায়ণগঞ্জ সাইলো, মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্টি অনুযায়ী গম পরিবহণ করবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোৰাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।


৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিষ্পাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ১২-০২-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



০১-০২-২০২৫
মোঃ আনিচুর রহমান
সহকারি উপপরিচালক

বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):


- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/চট্টগ্রাম।
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা, খুলনা।
- ৪। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩০৬০/১ (৭)

১৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী/সিলেট/বরিশাল।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ব্যবস্থাপক, সিএসডি।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা এলএসডি।



০১-০২-২০২৫
মোঃ আনিচুর রহমান
সহকারি উপপরিচালক